

মে ১৮, ২০১১

জুন ৩০, ২০১১ থেকে ২৫ পয়সার নীচের ধাতুমুদ্রা আর বৈধ টেন্ডার হিসেবে গণ্য হবে না: আরবিআই জনগণের কাছে আবেদন জানাচ্ছে জুন ২৯, ২০১১-এর মধ্যে সেগুলি পালটে নিতে

জুন ৩০, ২০১১ থেকে ২৫ পয়সার নীচের ধাতুমুদ্রা আর বৈধ টেন্ডার থাকবে না। এগুলি কোনও ব্যাঙ্কের শাখায় এবং আরবিআই-এর ইস্যু অফিসগুলিতে বিনিময়ের জন্য আর গ্রহণ করা হবে না।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক তাই জনসাধারণের কাছে আবেদন করেছে তাঁরা এই ধাতুমুদ্রাগুলি যে সমস্ত ব্যাঙ্কের শাখায় ধাতুমুদ্রার ডিপো আছে সেখানে অথবা রিজার্ভ ব্যাঙ্কের কার্যালয়গুলিতে পালটে নিন। এই বিনিময়ের সুযোগ ব্যাঙ্কের শাখায় অথবা রিজার্ভ ব্যাঙ্কের অফিসগুলিতে জুন ২৯, ২০১১ তারিখের কাজের অবসানকাল পর্যন্ত পাওয়া যাবে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সেই সব ব্যাঙ্ককে যারা ধাতুমুদ্রার (স্মল কয়েন) ডিপো রাখে (তালিকা সংযোজিত) বলেছে ২৫ পয়সা ও তার কম মূল্যমানের ধাতুমুদ্রা তাদের মুদ্রিত মূল্যে তাদের শাখায় বিনিময় করার ব্যবস্থা করতে।

স্মরণযোগ্য যে ভারত সরকার কয়েনজ এক্ট, ১৯০৬ (১৯০৬-এর ৩)-এর ধারা ১৫এ দ্বারা প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে সিদ্ধান্ত নিয়েছে ২৫ পয়সা এবং তার কম মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলন থেকে প্রত্যাহার করে নেবে, যা জুন ৩০, ২০১১ থেকে কার্যকরী হবে। এই তারিখ থেকে এই ধাতুমুদ্রাগুলি অর্থপ্রদানের জন্য এবং হিসেবের জন্যও বৈধ টেন্ডার হিসেবে গণ্য করা হবে না।

অজিত প্রসাদ
সহকারী মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: ২০১০-২০১১/১৬৭৫